

3 (Sem-5/CBCS) BEN-SE

2022

BENGALI

(Skill Enhancement)

Paper : BEN-SE-5014

(চিত্রনাট্য রচনা ও বাংলা সাহিত্য)

Full Marks : 50

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) $১ \times ৪ = ৪$

(ক) সিনেমায় সাহিত্যের মূল ভূমিকা কয়টি ?

(খ) “_____ হল চিত্রনাট্যের প্রকাশ মাধ্যম।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) নির্বাচিত কাহিনি অবলম্বনে চিত্রনাট্য রচনায় সাধারণত কয়টি স্তর থাকে ?

(ঘ) সাহিত্যে যা ‘mental pictorialism’, চলচ্চিত্রে তাকে কী বলে ?

(ঙ) ছবিতে সংগীতের ব্যবহারকে কতগুলো ভাগে বিভক্ত করা যায় ?

(2)

(3)

- (চ) চিত্রনাট্যে স্থান, কাল ও ঘটনার সংমিশ্রণে যা গড়ে ওঠে তাকে কী বলে ?
- (ছ) চিত্রনাট্যের কতগুলো দৃশ্য পর্যায় হতে পারে ?
- (জ) 'ডিটেল'-এর বিভিন্ন ভাগের মধ্যে যে কোনো একটির নাম লেখো ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : $২ \times ৩ = ৬$

- (ক) কোনো সাহিত্যকর্মের চলচ্চিত্র সম্ভাবনার সাংগঠনিক দিক কতগুলো কারকের ওপর নির্ভরশীল? যে কোনো একটির নাম লেখো ।
- (খ) চলচ্চিত্রের কাহিনীতে কোন দুটি বিষয়ের ওপর সাধারণত জোর পড়ে ?
- (গ) উপন্যাসের কাছ থেকে চিত্রনাট্য যা যা পায় তার যে কোনো দুটির উল্লেখ করো ।
- (ঘ) কল্পনা ও গঠনের প্রকারভেদে বস্তু বা বিষয়ের চিত্ররূপ কত প্রকার হতে পারে? যে কোনো এক প্রকারের নাম লেখো ।
- (ঙ) চলচ্চিত্রের কতগুলো বিশেষ গুণ সুবিমল মিশ্রর গল্পে পাওয়া যায়? যে কোনো একটির নাম লেখো ।
- (চ) 'জেনেসিস' ও 'উত্তরা' চলচ্চিত্র দুটির নির্মাতাদের নাম কী কী ?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- (ক) চলচ্চিত্র ও তথ্যচিত্রের মধ্যে পার্থক্যগুলো সংক্ষেপে উল্লেখ করো ।
- (খ) সাহিত্য ও চলচ্চিত্রের যোগাযোগ এবং রূপান্তরের মূল সম্পর্ক সম্বন্ধে যা জানো লেখো ।
- (গ) 'মনতাজ' কাকে বলে, বুঝিয়ে দাও ।
- (ঘ) কাব্যভাষা ও চিত্রভাষার একটি তুলনা করো ।
- (ঙ) 'লং-শট' ও 'ক্লোজ-আপ' কী তা লেখো ।
- (চ) চিত্রনাট্য রচনার ক্ষেত্রে চলচ্চিত্রবোধের ভূমিকা কী তা একটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও ।

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

- (ক) চলচ্চিত্রের উপাদান হিসাবে ছোটগল্পের উপযোগিতা কতটুকু তা উদাহরণসহ বিশ্লেষণ করো ।
- (খ) চিত্রনাট্য রচনার পর্যায়গুলোকে উদাহরণ দিয়ে বিশ্লেষণ করো ।
- (গ) সুবিমল মিশ্র ও রমানাথ রায়ের গল্পে চলচ্চিত্র ভাবনার প্রয়োগ সম্পর্কে একটি বিশ্লেষণধর্মী আলোচনা করো ।

- (ঘ) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসটি থেকে কীভাবে চিত্রনাট্য তৈরি করা যায় তা পাঠ্য অংশ অবলম্বনে লেখো।
- (ঙ) লং-শট, মিড লং-শট, মিড শট, মিড ক্লোজ-আপ, ট্র্যাকিং-শট বোঝানোর সময় চিত্রনাট্য কীভাবে লিখতে হয় তা উদাহরণ দিয়ে বোঝাও।
- (চ) চলচ্চিত্রে সাহিত্যের ভূমিকা সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।
- (ছ) চিত্রনাট্যের বিভিন্ন রীতি সম্বন্ধে তোমার যা জানা আছে তা লেখো।
- (জ) সাহিত্যের ভাষা ও চলচ্চিত্রের ভাষার যোগসূত্র সম্পর্কে আলোচনা করো।
